গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১১.২৫(২).৩০৮

তারিখ: ০১ আশ্বিন ১৪৩২ / ১৬ সেপ্টেম্বর ২০২৫

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে গম, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, সয়াবিন, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি, ফেলন ও অড়হড় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি আদেশ।**

সূত্র: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.২৮৫২, তারিখ: ২৬/০৮/২০২৫খ্রি.।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে গম, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, সয়াবিন, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি, ফেলন ও অড়হড় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ বাবদ এ মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫-কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩৯০০০.০০ লক্ষ (তিনশত নব্বই কোটি) টাকা হতে ৮৭২২.৫৪২ লক্ষ (সাতাশি কোটি বাইশ লক্ষ চুয়ান্ন হাজার দুইশত) টাকা, '৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ২০০০০.০০ লক্ষ (দুইশত কোটি) টাকা হতে ৫৩৭৯.৪৪০ লক্ষ (তেপান্ন কোটি উনআশি লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ১১০০০.০০ লক্ষ (একশত দশ কোটি) টাকা হতে ৯২৮.৮৫৫ লক্ষ (নয় কোটি আটাশ লক্ষ পঁচাশি হাজার পাঁচশত) টাকাসহ সর্বমোট ১৫০৩০.৮৩৭ লক্ষ (একশত পঞ্চাশ কোটি ত্রিশ লক্ষ তিরাশি হাজার সাতশত) টাকা ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে ছাড় ও অগ্রিম উত্তোলনের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল:

**শর্তাবলি:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-২০০৬ এবং PPR-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;
৩. কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কৃষকের সার, বীজ ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বাবদ সহায়তা প্রদান পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক এ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
৪. সার, বীজ ও অন্যান্য আনুষংঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;
৫. বরাদ্দকৃত এ অর্থের সমুদয় ব্যয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণ এর নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
৬. অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।

আপনার বিশ্বস্ত

স্বাঃ/
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১১.২৫(২).৩০৮

তারিখ: ০১ আশ্বিন ১৪৩২ / ১৬ সেপ্টেম্বর ২০২৫

এ আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

21/09/25

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪-(অংশ-১)--৮৫ তারিখ : ১৬/০৭/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

১৬/০৭/২০২৫
(মুহাম্মদ আনিসুর রহমান)
যুগ্মসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১১.২৫(২).৩০৮ তারিখ : ০১ আশ্বিন ১৪৩২ / ১৬ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)।**
৭. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
১০. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপসচিব (সার ব্যবস্থাপনা ও মনিটরিং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৮. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।**
১৯. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
২০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২১. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাঃ/
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব